

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা
 ত্রাণ কর্মসূচি-১ শাখা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৬.১৫-৩১৮

তারিখ: ২০ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ
০৬ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ


বিষয়: ডেউটিন বিতরণের অনুমতি ও গৃহনির্মাণ মঞ্জুরী বরাদ্দ।

সূত্র: (১) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৬.০২০.০১১.১৫-৮০২ তারিখঃ ২৫/০৫/২০১৬
(২) জেলা প্রশাসক, ভোলা এর স্মারক নং-৫১.০১.০৯০০.০০০.০০৬.০৩.১৪-৩১৫ তারিখঃ ২২/০৫/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলায় ২০১১-১২ অর্থ বছর হতে ২০১৪-১৫ অর্থ বছরের অবিতরণকৃত ৩১৬ (তিনশত ষোল) বাড়িল ডেউটিন ২০১৫-১৬ অর্থ বছরে বিতরণের অনুমতি প্রদান করা হলো। ডেউটিনের সাথে গৃহনির্মাণ ব্যয় বাবদ অর্থ বিতরণের জন্য বাড়িল প্রতি ৩০০০/- টাকা হারে মোট (৩১৬ বাড়িল X ৩০০০/-) = ৯,৪৮,০০০/- (নয় লক্ষ আটচল্লিশ হাজার) টাকা নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে জেলা প্রশাসক, ভোলা এর অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য তাঁর বরাবর নির্দেশক্রমে ছাড় করা হলো।

শর্তাবলীঃ

- (১) ডেউটিন বিতরণের সাথে আবশ্যিকভাবে বাড়িল প্রতি ৩০০০/- (তিন হাজার) টাকা হারে ক্রসড চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে।
- (২) ডেউটিনের সাথে বরাদ্দকৃত টাকা ডেউটিন বিতরণ ব্যতীত অন্য কোন ভাবে বিতরণ করা যাবেনা এবং এ ক্ষেত্রে সরকারের যাবতীয় আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে।
- ২। মঞ্জুরীকৃত অর্থ চলতি ২০১৫-১৬ অর্থ বছরের ০৩-৪৯০৩ ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০১-ত্রাণ কার্যক্রম সাধারণ -৫৯০০-সাহায্য, ৫৯০৭ গৃহবাবদ মঞ্জুরী খাত হতে নির্বাহ হবে।
- ৩। জেলা প্রশাসক ডেউটিন ও গৃহনির্মাণ ব্যয় বাবদ অর্থ বিতরণে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-১৩ ও সরকারি বিধি-বিধান পালন করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।
- ৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


(মোঃ শাহজাহান)
সহকারী সচিব (ত্রাক-১)


মহাপরিচালক
 দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
 ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৬.১৫-৩১৮/১(৮)

তারিখ: ২০-০৬-২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ভোলা।
- ৩। উপ-সচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬ আ: গনি রোড, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। পত্রটি প্রাপকের বরাবর ফ্যাক্স/ই-মেইল মারফত প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। অতিরিক্ত সচিব (ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ শাহজাহান)
সহকারী সচিব (ত্রাক-১)